দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 27 APR 2017
পৃষ্ঠা ...৩... কলাম ... ৮...

# বিভিন্ন স্থানে বেসরকারি শিক্ষক কর্মচারীদের কর্মসূচি পালন

■ ইত্তেফাক ডেস্ক

দেশের বিভিন্ন স্থানে বুধবার বেসরকারি শিক্ষক কর্মচারীরা বিভিন্ন দাবিতে তাদের কর্মসূচি পালন করেছে। আমাদের প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর—

**মানিকগঞ্জ:** মানিকগঞ্জ শিক্ষক সমিতি বিভিন্ন দাবিতে গতকাল বুধবার প্রেসক্লাব চত্বরে প্রতীকী অনশন কর্মসূচি পালন করে। বাংলাদেশ শিক্ষক সমিতি মানিকগঞ্জ জেলা শাখার সভাপতি কাশীনাথ সরকারের সভাপতিত্বে সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত এই অনশন কর্মসূচিতে উপস্থিত ছিলেন সহ-সভাপতি মো. আব্দুল মুজিদ. সাধারণ সম্পাদক মুজিবর রহমান. সাংগঠনিক সম্পাদক আরশেদ আলী প্রমুখ।

অনুষ্ঠান চলাকালে বক্তারা অবিলম্বে শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ, বৈশাখী ভাতা. ৫ শতাংশ হারে বার্ষিক ইনক্রিমেন্ট, পূর্ণ উৎসব বোনাস. বাড়ি ভাড়া ও চিকিৎসা ভাতা প্রদানের দাবি জানান।

**মাগুরা:** মাগুরায় শিক্ষকরা অনশন কর্মসূচি পালন করেছে। দুপুরে মাগুরা প্রেসক্লাবের প্রবেশ পথে শতাধিক শিক্ষক-শিক্ষিকা ঘণ্টাব্যাপী অনশন কর্মসূচি পালন করেন। শিক্ষক সমিতি মাগুরা জেলা শাখার সভাপতি মোঃ আয়ুব হোসেনের সভাপতিত্বে অনশন কর্মসূচিতে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির জেলা শাখার সাধারণ সম্পাদক মোঃ আমিরুল ইসলাম নিলু, শালিখা শাখার সভাপতি বাহারুল ইসলাম, প্রধান শিক্ষক কাজী জিন্নাত আরা।

বক্তারা সকল বেসরকারি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের দাবি জানান। মাগুরা এজি একাডেমির অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক খান জিয়াউল হক শিক্ষকদের অনশন ভঙ্গ করান।

**ঝিনাইদহ:** ঝিনাইদহে অনশন কর্মসূচী পালন করেছে বে-সরকারি শিক্ষক ও কর্মচারীরা। বুধবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে এ কর্মসূচী পালন করেন তারা। বাংলাদেশ শিক্ষক সমিতির জেলা শাখার সভাপতি ও কেন্দ্রীয় কমিটির সদস্য মহিউদ্দিনের সভাপতিত্বে বক্তব্য রাখেন শিক্ষক নেতা আব্দুল মমিন. রেজাউল করিম, শাহানাজ পারভীন মুন্নী. আব্দুল গণি, কৃপা সিন্ধু, ইসাহাক আলী, হাবিবুর রহমান, আব্দুল মজিদ. মিজানুর রহমান, আলমগীর হোসেন, মাসুদ করিমসহ অন্যান্যরা। বক্তারা অবিলম্বে তাদের দাবী মেনে নেওয়ার আহ্বান জানান। নইলে আগামীতে কঠোর কর্মসূচী ঘোষণা দেন।

**নেত্রকোনা:** বাংলাদেশ শিক্ষক সমিতি নেত্রকোনা জেলা শাখার উদ্যোগে নেত্রকোনা শহীদ মিনার সড়কে মাধ্যমিক শিক্ষকদের প্রতিক অনশন কর্মসূচি পালন করে। সকাল ৮টা থেকে দিনব্যাপী এই প্রতিক অনশন কর্মসূচি চলাকালে তাদের দাবি দ্রুত বাস্তবায়নের দাবি জানিয়ে বক্তব্য রাখেন—জেলা শিক্ষক সমিতির সভাপতি লুৎফুল হায়দার ফকির, সম্পাদক আজাহারুল হক তুহিন, আফজাল খান, হাবিবা রহমান শেফালী, ফেরদৌস আরা ইয়াসমীন, আবুল হাসান,মাজাহারুল ইসলাম মাসুদ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর